**AKASHVANI KOLKATA**
**Regional News Unit**

**Date: 02.06.2026** ` **Desk in Charge : SDG**
**Time: 1-30 PM** **Editing. – Sanjay D. / Srijit M.**
**DEO: KB** **Compile & NRT : Sanjay D.**
**Announcement :-** আকাশবাণী /খবর পড়ছিঃ-

বিশেষ বিশেষ খবরঃ–

১/ সুপ্রিম কোর্টে আজ ৫ নবনিযুক্ত বিচারপতি শপথগ্রহন করেছেন। এই নিয়ে শীর্ষ আদালতে মোট বিচারপতির সংখ্যা হল ৩৭।

২/ কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রক অভিবাসন ও বিদেশি সংক্রান্ত সংশোধিত বিধির নতুন বিজ্ঞপ্তি প্রকাশ করেছে। নিবন্ধনের সময়সীমা অবেদন প্রক্রিয়ায় আনা হয়েছে গুরুত্বপূর্ণ পরিবর্তন।

৩/ ভারত সফররত দক্ষিণ আফ্রিকার উপরাষ্ট্রপতি পল মাশাতিলের সঙ্গে বিদেশমন্ত্রী ড. এস জয়শঙ্করের বৈঠক। ইবোলা মোকাবিলায় আফ্রিকায় দ্বিতীয় বার চিকিৎসা সহায়তা সরঞ্জাম পাঠালো ভারত।

৪/ বহু কোটি টাকার ব্যাঙ্ক ঋণ জালিয়াতির মামলায় গ্রেপ্তার রিলায়েন্স কম্যুনিকেশনের প্রাক্তন ম্যানেজিং ডিরেক্টর অমিতাভ ঝুনঝুনওয়ালা।

৫/ উত্তরপত্রের অসঙ্গতি যাচাই ও পুনর্মূল্যায়নের জন্য অনলাইন পোর্টাল চালু করল CBSE ।

৬/ শিক্ষা মানুষকে আত্মনির্ভরশীল, সচেতন ও সক্ষম করে তোলে, ক্ষমতায়নের এ এক শক্তিশালী মাধ্যম- আদিবাসী শিক্ষার্থীদের সঙ্গে মতবিনিময় অনুষ্ঠানে বললেন রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু।

******************************************************************

বিচারপতি শীল নাগু, শ্রী চন্দ্রশেখর, সঞ্জীব সচদেবা ও অরুণ পাল্লি এবং আইনজীবী ভি. মোহনা আজ সুপ্রিম কোর্টের বিচারপতি হিসেবে শপথ গ্রহণ করেছেন। প্রধান বিচারপতি সূর্যকান্ত পাঁচজন নতুন বিচারপতিকে শপথবাক্য পাঠ করান। সুপ্রিম কোর্ট কলেজিয়ামের সুপারিশের ভিত্তিতে কেন্দ্রীয় সরকার তাঁদের নিয়োগ অনুমোদন করার পর তাঁরা দেশের সর্বোচ্চ আদালতের বিচারপতি হিসেবে দায়িত্ব গ্রহণ করলেন।

সামাজিক যোগাযোগমাধ্যমে দেওয়া এক পোস্টে কেন্দ্রীয় আইন ও বিচারমন্ত্রী অর্জুন রাম মেঘওয়াল জানান, ভারতের প্রধান বিচারপতির সঙ্গে পরামর্শক্রমে রাষ্ট্রপতি বিচারপতি শীল নাগু, শ্রী চন্দ্রশেখর, সঞ্জীব সচদেবা ও অরুণ পাল্লি এবং জ্যেষ্ঠ আইনজীবী ভি. মোহনাকে সুপ্রিম কোর্টের বিচারপতি হিসেবে নিয়োগ করেছেন।

কয়েক সপ্তাহ আগে রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু সুপ্রিম কোর্ট (বিচারপতির সংখ্যা) সংশোধনী অধ্যাদেশ, ২০২৬ জারি করেন। এর মাধ্যমে ভারতের সুপ্রিম কোর্টে বিচারপতির অনুমোদিত সংখ্যা প্রধান বিচারপতিসহ ৩৪ থেকে বাড়িয়ে ৩৮ করা হয়েছে। এই পাঁচ বিচারপতির নিয়োগের ফলে শীর্ষ আদালতে এখন বিচারপতির সংখ্যা হল ৩৭।

***************************

কেন্দ্রীয় স্বরাষ্ট্র, মন্ত্রক 'ইমিগ্রেশন অ্যান্ড ফরেনার্স (অ্যামেন্ডমেন্ট) রুলস, ২০২৬' বা অভিবাসন ও বিদেশী সংক্রান্ত সংশোধিত বিধির নতুন বিজ্ঞপ্তি প্রকাশ করেছে। এর মাধ্যমে 'ইমিগ্রেশন অ্যান্ড ফরেনার্স রুলস, ২০২৫'-এ উল্লিখিত নিবন্ধন সময়সীমা এবং আবেদন প্রক্রিয়ায় কিছু গুরুত্বপূর্ণ পরিবর্তন আনা হয়েছে। নতুন এই সংশোধনীর ফলে, ভারতে আসার পর ১৮০ দিনের মধ্যেযেকোনো সময়েই এই নিবন্ধন প্রক্রিয়া সম্পন্ন করা যাবে। এর আগে, ১৮০ দিনের মেয়াদ শেষ হওয়ার পর পরবর্তী ১৪ দিনের মধ্যে এই নিবন্ধন সম্পন্ন করতে হতো। তবে, এখন থেকে নির্ধারিত এই সময়সীমা পার হয়ে গেলে কেবল জরুরি ও বিশেষ পরিস্থিতি ছাড়া নিবন্ধনের অনুমতি দেওয়া হবে না।

***************************

বিদেশমন্ত্রী ড. এস. জয়শঙ্কর আজ ভারত সফররত দক্ষিণ আফ্রিকার উপ-রাষ্ট্রপতি পল মাশাতিলের সঙ্গে সাক্ষাৎ করেন। সামাজিক যোগাযোগমাধ্যমে দেওয়া এক বার্তায় ড.

জয়শঙ্কর জানান, বৈঠকে বাণিজ্য, বিনিয়োগ, ক্ষুদ্র, ছোট ও মাঝারি শিল্প, ডিজিটাল প্রযুক্তি এবং পরিকাঠামো খাতে সহযোগিতার সম্ভাবনা নিয়ে আলোচনা হয়েছে। তিনি দুই দেশের দীর্ঘদিনের অংশীদারিত্বকে আরও গভীর করার ক্ষেত্রে পল মাশাতিলের দৃঢ় অঙ্গীকারের প্রশংসা করেন। আন্তর্জাতিক বিভিন্ন ফোরামে ঘনিষ্ঠভাবে একসঙ্গে কাজ করার বিষয়েও দুই দেশ সহমত হয়েছে বলে বিদেশমন্ত্রী জানান।

****************************

ইবোলা মোকাবিলায় আফ্রিকার জনস্বাস্থ্য পরিকাঠামোকে আরো শক্তিশালী করতে এই নিয়ে দ্বিতীয়বার চিকিৎসা সহায়তা সরঞ্জাম পাঠাল ভারত। 'আফ্রিকা সেন্টার ফর ডিজিজ কন্ট্রোল অ্যান্ড প্রিভেনশন' তা গ্রহণ করেছে। বিদেশমন্ত্রী ড. এস. জয়শঙ্কর সমাজমাধ্যমের এক বার্তায় জানিয়েছেন, এই সহায়তার মধ্যে রয়েছে সুরক্ষামূলক সরঞ্জাম 'পিপিই' কিট, রোগ নির্ণয় ও পর্যবেক্ষণের যন্ত্রপাতি, ওষুধ এবং পুষ্টিকর সাপ্লিমেন্টস। ৪৩ টনের এই স্বাস্থ্য সহায়তা ইবোলা প্রতিরোধে আফ্রিকান ইউনিয়নের সদস্য রাষ্ট্রগুলোর জনস্বাস্থ্য পরিকাঠামোকে আরও উন্নত করবে বলে আশা প্রকাশ করেন তিনি।

****************************

বিদেশমন্ত্রী ড. এস. জয়শঙ্কর আজ ইতালির জাতীয় দিবস উপলক্ষে সেদেশের জনগণ ও সরকারকে শুভেচ্ছা জানিয়েছেন। ভারত ও ইতালির মধ্যেকার বিশেষ কৌশলগত অংশীদারিত্ব আগামী দিনগুলোতে আরও সুদৃঢ় ও শক্তিশালী হয়ে উঠবে বলে সামাজিক যোগাযোগমাধ্যমে দেওয়া এক বার্তায় তিনি আশা প্রকাশ করেন।

****************************

ভারত সফররত মায়ানমারের রাষ্ট্রপতি ইউ মিন অং হ্লাইং আজ মুম্বইয়ে পৌঁছেছেন। মহারাষ্ট্রের রাজ্যপাল জিষ্ণু দেব বর্মা তাঁকে ছত্রপতি শিবাজি মহারাজ আন্তর্জাতিক বিমানবন্দরে স্বাগত জানান।

রাষ্ট্রপতি ইউ মিন অং হ্লাইং আজ মুম্বইয়ে ব্যবসায়িক ও শিল্প মহলের প্রতিনিধিদের সঙ্গে মতবিনিময়ে যোগ দেবেন এবং শহরের বিভিন্ন গুরুত্বপূর্ণ স্থান পরিদর্শন করবেন। এছাড়া, তাঁর সম্মানে আজ সন্ধ্যায় লোক ভবনে একটি বিশেষ অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে। সেই অনুষ্ঠানে মহারাষ্ট্রের মুখ্যমন্ত্রী দেবেন্দ্র ফড়নবীস উপস্থিত থাকবেন।

*****************************

রিলায়েন্স কমিউনিকেশনস গ্রুপের প্রাক্তন ম্যানেজিং ডিরেক্টর অমিতাভ ঝুনঝুনওয়ালা সিবিআইয়ের হাতে গ্রেফতারের পর মুম্বইয়ের আর্থার রোড জেলে আটক রয়েছেন। বহু কোটি টাকার ব্যাঙ্ক ঋণ জালিয়াতি মামলায় তাঁকে গ্রেফতার করা হয়েছে। এর আগে একই ধরনের অর্থপাচার সংক্রান্ত একটি মামলায় এনফোর্সমেন্ট ডিরেক্টরেটের (ইডি) তদন্তের আওতায় তিনি দিল্লির তিহার জেলে বিচারাধীন ছিলেন। মুম্বইয়ের একটি আদালত তাঁকে গ্রেফতারের অনুমতি দেয় এবং পরে তাঁকে বিচারবিভাগীয় হেফাজতে পাঠায়।

সিবিআইয়ের অভিযোগ, তাঁর নির্দেশে ব্যাঙ্ক ঋণের অর্থের অপব্যবহার করা হয়েছে, ঋণদাতা প্রতিষ্ঠানগুলি বড় ধরনের আর্থিক ক্ষতির মুখে পড়েছে। মামলাটি স্টেট ব্যাঙ্ক অব ইন্ডিয়ার ১,২০০ কোটি টাকার টার্ম লোন, ব্যাঙ্ক অব মহারাষ্ট্রের ৫০০ কোটি টাকার লেটার অব ক্রেডিট এবং সিন্ডিকেট ব্যাঙ্কের ৩৫০ কোটি টাকার ঋণসুবিধার অপব্যবহারের অভিযোগের সঙ্গে সম্পর্কিত।

ইতিমধ্যেই ১৬ জন ব্যক্তি ও সংস্থার বিরুদ্ধে চার্জশিট দাখিল করা হয়েছে। যদিও ঝুনঝুনওয়ালার নাম চার্জশিটে উল্লেখ নেই, তবে তাঁর বিরুদ্ধে তদন্ত এখনও চলছে।

*****************************

কেন্দ্রীয় মাধ্যমিক শিক্ষা বোর্ড- CBSE, আজ জানিয়েছে যে, মূল্যায়ণ করা উত্তরপত্রের স্ক্যান করা কপিতে কোনো ত্রুটি বা অসঙ্গতি যাচাই এবং উত্তর পুনর্মূল্যায়নের জন্য অনলাইন পোর্টাল চালু করা হয়েছে।

এই পোর্টাল আগামী ৬ জুন পর্যন্ত খোলা থাকবে। এক বিবৃতিতে সিবিএসই জানিয়েছে, শুধুমাত্র যেসব শিক্ষার্থী তাদের মূল্যায়ণ করা উত্তরপত্রের স্ক্যান করা কপি সংগ্রহ

করেছেন, তারাই এই সুবিধা গ্রহণ করতে পারবেন। নিরাপত্তার স্বার্থে আবেদন প্রক্রিয়ায় আধার যাচাইকরণ অন্তর্ভুক্ত করা হয়েছে। যেসব শিক্ষার্থীর আধার নেই, তারা অভিভাবক, নিকট আত্মীয় বা আইনগত অভিভাবকের আধার নম্বর ব্যবহার করতে পারবেন।

কোনো ত্রুটি বা অসঙ্গতি যাচাইয়ের জন্য উত্তরপত্র পিছু ১০০ টাকা এবং উত্তর পুনর্মূল্যায়নের জন্য প্রতি প্রশ্নে ২৫ টাকা ফি নির্ধারণ করা হয়েছে। এই ফি শুধুমাত্র অনলাইন মাধ্যমে, যেমন ইউপিআই, ক্রেডিট কার্ড, ডেবিট কার্ড বা নেট ব্যাংকিংয়ের মাধ্যমে জমা দেওয়া যাবে।

আবেদন প্রক্রিয়ার ধাপগুলি সঠিকভাবে বুঝতে এবং নম্বর যাচাই ও পুনর্মূল্যায়নের জন্য কীভাবে আবেদন করতে হবে সে বিষয়ে বিস্তারিত দিশানির্দেশ পেতে শিক্ষার্থীদের টিউটোরিয়াল ভিডিওটি মনোযোগের সঙ্গে দেখার পরামর্শ দিয়েছে সিবিএসই।

****************************

রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু বলেছেন, শিক্ষা ক্ষমতায়নের এক শক্তিশালী মাধ্যম, এটি মানুষকে আত্মনির্ভরশীল, সচেতন এবং সক্ষম করে তোলে। নতুন দিল্লিতে আজ বৃত্তি প্রকল্পের আওতাভুক্ত আদিবাসী উপভোক্তাদের উদ্দেশে বক্তব্য রাখতে গিয়ে তিনি এ কথা বলেন।

রাষ্ট্রপতি বলেন, সমাজের সব স্তরের মানুষের সামাজিক, অর্থনৈতিক ও শিক্ষাগত অগ্রগতি নিশ্চিত হলে তবেই প্রকৃত উন্নয়ন সম্ভব। সরকারের বিভিন্ন বৃত্তি প্রকল্প উচ্চশিক্ষার সুযোগ ও নতুন সম্ভাবনার দ্বার উন্মোচনের মাধ্যমে আদিবাসী সম্প্রদায়ের মানুষের জীবনে ইতিবাচক পরিবর্তন এনেছে বলে তিনি মন্তব্য করেন।

রাষ্ট্রপতি বলেন, ভারতে প্রতিভার কোনো অভাব নেই। প্রতিভাকে চিহ্নিত করা এবং বিকাশের জন্য উপযুক্ত মঞ্চ প্রদান করা অত্যন্ত গুরুত্বপূর্ণ।

( বাইট- রাষ্ট্রপতি )

****************************

মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী আজ 'জনতার দরবারে' অনুষ্ঠানে বিভিন্ন অভাব অভিযোগ শুনে সমাধানের আশ্বাস দিয়েছেন। সল্টলেক বিজেপি কার্যালয়ে আজ এই অনুষ্ঠানে সঙ্গীত

শিল্পী রিদ্ধি বন্দ্যোপাধ্যায় উপস্থিত ছিলেন। তিনি সংগীত জগতে সিন্ডিকেট রাজের অভিযোগ জানান। সরকারি অনুষ্ঠানে গান গাওয়ার জন্যও কাটমানি চাওয়া এবং তৃণমূল কংগ্রেসের প্রাক্তন মন্ত্রী ও সিন্ডিকেটের বিরুদ্ধে সরব হওয়ার জন্য তাকে হুমকি দিয়ে ফোন করা হয়েছে বলে শ্রীমতি বন্দোপাধ্যায় অভিযোগ করেন। উল্লেখ্য, চাকরি দুর্নীতি,জমি লুট, তোলাবাজি সহ বিভিন্ন সমস্যার সমাধানে প্রতি সোমবার মুখ্যমন্ত্রী জনতার দরবার অনুষ্ঠানে মানুষের অভাব অভিযোগ শোনেন। তবে লোকভবনে মন্ত্রীদের শপথ গ্রহণ অনুষ্ঠানের জন্য গতকালের পরিবর্তে আজ সকালে জনতার দরবার বসে।

আমাদের সংবাদদাতা জানিয়েছেন, মুখ্যমন্ত্রী আজ দুপুরে তারকেশ্বর যাবেন, সেখান থেকে ফিরে সন্ধ্যায় বিশেষ বিমানে তিনি দিল্লি যাবেন। দিল্লিতে তিনি বিজেপির সর্বভারতীয় নেতৃবৃন্দের সঙ্গে মন্ত্রীদের দফতর বন্টন নিয়ে আলোচনা করবেন। রাতেই মুখ্যমন্ত্রীর কলকাতা ফিরে আসার কথা। আগামীকাল সকাল সাড়ে ১১ টায় পূর্ণাঙ্গ মন্ত্রিসভার প্রথম বৈঠক বসবে।

****************************

রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু তেলেঙ্গানা রাজ্যের প্রতিষ্ঠা দিবস উপলক্ষে সেরাজ্যের মানুষকে শুভেচ্ছা জানিয়েছেন। সামাজিক যোগাযোগ মাধ্যমে দেওয়া এক বার্তায় রাষ্ট্রপতি বলেন, তেলেঙ্গানা সমৃদ্ধ সাংস্কৃতিক ঐতিহ্য এবং পরিশ্রমী মানুষের আবাসভূমি।

তেলেঙ্গানা রাজ্যের প্রতিষ্ঠা দিবস উপলক্ষে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি রাজ্যের মানুষকে শুভেচ্ছা জানিয়েছেন। সামাজিক যোগাযোগমাধ্যমে দেওয়া এক বার্তায় প্রধানমন্ত্রী বলেন, তেলেঙ্গানার মানুষ তাঁদের সৃজনশীলতা ও ব্যবসায়িক দক্ষতার জন্য সুপরিচিত।

****************************

ইসরায়েল এবং হিজবুল্লাহর মধ্যে মার্কিন মধ্যস্থতায় যে সমঝোতা হয়েছিল তাতে উত্তেজনা প্রশমনের আশা জাগালেও, নতুন করে চুক্তি লঙ্ঘনের ঘটনায় এ নিয়ে সংশয় তৈরি হয়েছে। ফলে সবার নজর এখন লেবাননের দিকেই। লেবাননের আধিকারিকরা জানিয়েছেন, হিজবুল্লাহ মার্কিন যুক্তরাষ্ট্রের একটি প্রস্তাব মেনে নিয়েছে। এই প্রস্তাব অনুযায়ী হিজবুল্লাহ ইসরায়েলের ওপর হামলা বন্ধ রাখবে এবং বিনিময়ে ইসরায়েল

হিজবুল্লাহর শক্ত ঘাঁটি হিসেবে পরিচিত বৈরুটের দক্ষিণ উপকণ্ঠে বিমান হামলা স্থগিত রাখবে। তবে এই সমঝোতা কোনো পূর্ণাঙ্গ যুদ্ধবিরতির পর্যায়ে পড়ে না এবং দক্ষিণ লেবাননের বিভিন্ন অংশে সংঘর্ষ অব্যাহত রয়েছে।

*****************************************************************************